বাংলাদেশ শিক্ষা ও ... গবেষণা ... ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক খবর

তারিখ 21 AUG 1989
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২

75

# 'গুজবে ভার্সিটি বন্ধ করা ছাত্রদের শিক্ষাজীবন ধ্বংস করারই সামিল'

।।জাঃবিঃসংবাদদাতা।।

জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদের (জাকসু) সহ-সভাপতি এনামুল হক শামীম বলেন, স্বৈরাচার ও সাম্প্রদায়িক শক্তি সারা বাংলাদেশের শিক্ষার পরিবেশ বিনষ্ট করে

৭-এর পাতায় দেখুন

## গুজবে ভার্সিটি

প্রথম পৃষ্ঠার পর

স্বাধীনতার মূল লক্ষ্যকে বানচাল করার তৎপরতায় লিপ্ত। সেই ষড়যন্ত্রেরই নীল নকশা অনুসারে তারা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস সৃষ্টি করেছে ও বিশ্ববিদ্যালয় বন্ধের মধ্য দিয়ে তাদের সূচতুর পরিকল্পনা সার্থক হয়েছে।

তিনি গতকাল রোববার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বন্ধ ও ১৫ই আগস্ট- এর পরিস্থিতির বিবরণ দানের জন্য আহূত এক সাংবাদিক সম্মেলনে এ কথাবলেন।

১৫ই আগস্টের ঘটনার জন্য শিবিরকে দায়ী করে তিনি বলেন, বহিরাগতদের সমর্থনে শিবির নিরস্ত্র ছাত্রদের উপর আক্রমণ করেছিল ও তাতে ছাত্রদেরকে সন্ত্রাসের কাছে জিম্মি করে রেখেছিল। তিনি তাদের সন্ত্রাসের তীব্র নিন্দা করেন ও সাম্প্রদায়িক রাজনীতি বন্ধ করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে দাবীজানান।

বিশ্ববিদ্যালয় বন্ধের জন্য কর্তৃপক্ষের সিদ্ধান্তের সমালোচনা করে শামীম বলেন, গুজবের ভিত্তিতে বিশ্ববিদ্যালয় বন্ধ করা ছাত্রদের শিক্ষা জীবন ধ্বংস করার নামান্তর।

জাকসু ভিপি শামীম ক্যাম্পাস খোলার ৭ দিনের মধ্যেই তদন্ত কমিটির রিপোর্ট প্রদান ও তা জনসমক্ষে প্রকাশ করে দোষী ছাত্রদের শাস্তির দাবী জানান। কর্তৃপক্ষের উদ্দেশ্যে হুঁশিয়ারি উচ্চারণ করে তিনি বলেন, বিশ্ববিদ্যালয় অবিলম্বে না খুলে দেয়া হলে উদ্ভূত পরিস্থিতির জন্য কর্তৃপক্ষই দায়ী থাকবেন। তিনি অবিলম্বে বিশ্ববিদ্যালয়ে শিক্ষা পরিবেশ পরিষদ গঠন ও ছাত্রদের জানমালের নিরাপত্তা বিধানেরদাবীজানান।

সাংবাদিক সম্মেলনে জাকসুর সাধারণ সম্পাদক আজিজুল হাসান চৌধুরী বলেন, ১৫,তারিখের শিবিরের সন্ত্রাসের সময় কর্মচারীরাও জড়িত ছিল। এদের মধ্যে টেলিফোন অপারেটর আব্দুল মজিদ ও গার্ড আব্দুল জব্বার অন্যতম।

সাংবাদিক সম্মেলনে জানান হয় যে, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের ভিসি নিজে শিবির সভাপতির মৃত্যুর খবর সত্যায়িত করেন। আসলে তা ছিল গুজব।

### ছাত্রদলের সাংবাদিক সম্মেলন

জাতীয়তাবাদী ছাত্রদল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখা এক সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ১৫ তারিখের ঘটনার জন্য কিছু সংখ্যক শিবির নেতা ও চিহ্নিত জামায়াত কর্মীকে দায়ী করে বলেন, এদরে আক্রমণে আজ মৃত্যুর সংগে পাঞ্জা লড়তে হচ্ছে কবির এবং রোকনকে। তারা স্বাধীনতা বিরোধী এ জামায়াত-শিবির চক্রকে বাংলাদেশ থেকে উৎখাত করতে জনগণের প্রতি আহবান জানান এবং জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় থেকে শিবিরের চিহ্নিত সন্ত্রাসবাদীদের বহিষ্কার করার দাবী জানান।